

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ১৩

চৈলেংটা, ২৫ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪ : ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র
লংতরাইভ্যালি মহকুমায় ১২২টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে**

লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের লংতরাইভ্যালি মহকুমার ৪৮-করমছড়া (এসটি) ও ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রের ১২২টি ভোটগ্রহণ কেন্দ্রের ভোটকর্মীরা ইতিমধ্যেই সংশ্লিষ্ট ভোটগ্রহণ কেন্দ্রে পৌছে গেছেন। আজ সকাল থেকে মহকুমার ৪৮-করমছড়া (এসটি) বিধানসভা ক্ষেত্রের ৫৬টি ও ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা কেন্দ্রের জন্য ৬৬টি ভোটগ্রহণ কেন্দ্রের মহকুমা শাসক কার্যালয় প্রাঙ্গণ থেকে ভোট সামগ্রী নিয়ে ভোটকেন্দ্রের উদ্দেশ্যে রওনা হন। দুটি বিধানসভা ক্ষেত্রের ১২২টি ভোটগ্রহণ কেন্দ্রের জন্য মোট ৮৭৪ জন ভোটগ্রহণ কর্মী রয়েছেন। মহকুমায় ১২২টি ভোটগ্রহণ কেন্দ্রের মধ্যে ৮টি মডেল পোলিং স্টেশন রয়েছে। মডেল ভোটকেন্দ্রগুলির মধ্যে ৪টি মহিলা পরিচালিত।

লংতরাইভ্যালি মহকুমায় ভোটগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ৪৮-করমছড়া (এসটি) বিধানসভা ক্ষেত্রের জন্য ১৩ জন এবং ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রের জন্য ২২ জন সেক্টর অফিসার নিযুক্ত করা হয়েছে। এই মহকুমায় ৪৮-করমছড়া (এসটি) বিধানসভা ক্ষেত্রের কান্তা চৌধুরী পাড়া হাইস্কুলের ভোটগ্রহণ কেন্দ্রে সবচেয়ে বেশি ভোটার রয়েছেন। এখানে ভোটার রয়েছেন মোট ১২২৭ জন। ৪৮-করমছড়া (এসটি) বিধানসভা ক্ষেত্রে সবচেয়ে কম ভোটার রয়েছেন কৈরামপাড়া অঙ্গনওয়াড়ি সেন্টারের ভোটগ্রহণ কেন্দ্র। এখানে ভোটার রয়েছেন ১৩৯ জন। তাছাড়া ৪৯-ছাওমনু (এসটি) বিধানসভা ক্ষেত্রে সবচেয়ে বেশি ভোটার রয়েছেন জামিরছড়া এডিসি ভিলেজ কমিটি অফিসের ভোটগ্রহণ কেন্দ্র। এই ভোটগ্রহণ কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ১৩৯৩ জন। এই বিধানসভা ক্ষেত্রে সবচেয়ে কম ভোটার রয়েছেন রাঁথাঁহা চৌধুরী পাড়া এসবি স্কুলের ভোটগ্রহণ কেন্দ্র। এখানে মোট ভোটার রয়েছেন ১১৪ জন।
